

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৫৫৬

88/ সাহাবাগণের মর্যাদা (كتاب فضائل الصحابة)

পরিচ্ছেদঃ 88/৪. আলী বিন আবু ত্বলিব (রাঃ)-এর মর্যাদা।

من فضائل عليّ بن أبي طالب رضي الله عنه

## আরবী

حديث سَعْدِ بْنِ أَبِي وَقَاصٍ، أَن رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرجَ إِلَى تَبُوكَ، وَاسْتَخْلَفَ عَلِيًّا فَقَالَ: أَلاَ تَرْضَى أَنْ تَكُونَ مِنِّي وَاسْتَخْلَفَ عَلِيًّا فَقَالَ: أَلاَ تَرْضَى أَنْ تَكُونَ مِنِّي بِمَنْزِلَةِ هارونَ مِنْ موسى إِلاَّ أَنَّهُ لَيْسَ نَبِيُّ بَعْدِي

## বাংলা

১৫৫৬. সা'দ ইবনু আবু ওয়াক্কাস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাবুক যুদ্ধাভিযানে রওয়ানা হন। আর 'আলী (রাঃ)-কে স্বীয় স্থলাভিষিক্ত করেন। আলী (রাঃ) বলেন, আপনি কি আমাকে শিশু ও নারীদের মধ্যে ছেড়ে যাচ্ছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি কি এ কথায় রাযী নও যে, তুমি আমার কাছে সে মর্যাদায় অধিষ্ঠিত মূসা (আঃ)'র নিকট যে মর্যাদায় অধিষ্ঠিত ছিলেন হারান (আঃ)। পার্থক্য শুধু এতটুকু যে, [হারান (আঃ) নবী ছিলেন আর] আমার পরে কোন নবী নেই।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৪ : মাগাযী, অধ্যায় ৭৯, হাঃ ৪৪১৬; মুসলিম, পর্ব ৪৪ : সাহাবাগণের মর্যাদা, অধ্যায়, ৪, হাঃ ২৪০৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন